# নুরুল হক নুরসহ গণঅধিকার পরিষদের নেতাকর্মীদের ওপর হামলার নিন্দা ছাত্রদলের




সংগৃহীত ছবি

রাজধানীর বিজয়নগর এলাকায় জাতীয় পার্টি ও আইনশৃঙ্খলা বাহিনীর হামলার ঘটনায় গুরুতর আহত হয়েছেন গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরসহ সংগঠনের বহু নেতাকর্মী। এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল।

ছাত্রদল এক প্রেস বিজ্ঞপ্তিতে জানায়, আজ শুক্রবার রাতে শান্তিপূর্ণভাবে অবস্থানরত গণঅধিকার পরিষদের নেতাকর্মীদের ওপর অযৌক্তিক হামলা চালানো হয়েছে। প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর দায়িত্বশীল আচরণের পরিবর্তে এ ধরনের অমানবিক আক্রমণ কোনোভাবেই গ্রহণযোগ্য হতে পারে না।

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম রাকিব ও সাধারণ সম্পাদক নাছির উদ্দিন নাছির এক যৌথ বিবৃতিতে এই ঘটনার নিন্দা জানিয়ে বলেন, গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরের ওপর হামলা নিঃসন্দেহে পরিকল্পিত ও ন্যক্কারজনক। তারা অবিলম্বে এই হামলার সঙ্গে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

ছাত্রদল নেতারা আরও বলেন, সরকারবিরোধী আন্দোলনকে দমন করার জন্যই শান্তিপূর্ণ কর্মসূচির ওপর এই দমন-পীড়ন চালানো হচ্ছে। গণতান্ত্রিক আন্দোলন দমিয়ে রাখা যাবে না উল্লেখ করে তারা জানান, আন্দোলনের মাধ্যমে গণঅধিকার ও গণতন্ত্র পুনরুদ্ধার করা হবে।

প্রেস বিজ্ঞপ্তিটি পাঠ করেন ছাত্রদলের দপ্তর সম্পাদক মো. জাহাঙ্গীর আলম।

LENS ASIA